যুগান্তর

তারিখ AUG 06 2006
পৃষ্ঠা ৩ কলাম ৪

# বুয়েট খুলে দেয়ার দাবি অভিভাবক পরিষদের

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

অবিলম্বে বুয়েট খুলে দেয়ার দাবি জানিয়েছে অভিভাবক পরিষদ। শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলন থেকে এ দাবি জানিয়ে বলা হয়, মাথাব্যথার ওষুধ মাথা কেটে ফেলা নয়। শিক্ষার্থীরা পরীক্ষা পেছানোর দাবিতে আন্দোলন করল, আর এজন্য বুয়েট বন্ধ করে দেয়া মোটেই শিক্ষকসুলভ সিদ্ধান্ত হতে পারে না। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন অভিভাবক নুরজাহান বেগম। এ সময় ২০০২ সালে বুয়েটে ছাত্রদলের দু'গ্রুপের বন্দুক যুদ্ধে নিহত ছাত্রী সাবেকুন্নাহার সনির পিতা হাবিবুর রহমান ভূঁইয়া, কলামিস্ট কামরুল ইসলাম, ড. ফর সিদ্দিকী, খবির উদ্দিন খান, দিলীপ মণ্ডল, জ্যোৎস্না রানী মণ্ডল, এবিএম ওসমান গণি, নাহিদ রোকসানা, বিজয় সরকার প্রমুখ উপস্থিত ছিলেন। অভিভাবকরা বলেন, বুয়েট ভিসি পরিস্থিতি নিয়ন্ত্রণে ব্যর্থ হয়েছেন। আমরা জেনেছি, তিনি আগামী মাসে অবসরে যাবেন। যাওয়ার আগে ঝামেলামুক্ত থাকতে চান। ইমেজ প্রতিষ্ঠা করতে চান। কিন্তু সাড়ে চার হাজার শিক্ষার্থীর শিক্ষাজীবনকে জিম্মি করে ভিসি যে খেলা শুরু করেছেন, তা কাম্য নয়।